

নং ৪৬.০৪৫.০২৭.০৮.৪০.০৪০.২০১৫-৭৩৫

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ ১৪২৪
১২ জুন, ২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান (মহিলা) বেগম মিনি আকতার উর্মি এর বিরুদ্ধে বিভিন্ন আদালতে একাধিক মামলা চলমান থাকা, নিজ দপ্তরে অনুপস্থিত থাকা, গার্মেন্টস সেক্টরে অরাজকতা ও বিশৃঙ্খলা সৃষ্টিতে উস্কানি প্রদানের অভিযোগে সাভার পৌরসভার মেয়রসহ ১২ জন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক অনাস্থা প্রস্তাব উত্থাপিত হয়;

যেহেতু, উক্ত অনাস্থা প্রস্তাবের বিষয়ে উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ শূণ্যতা) বিধিমালা, ২০১৬ অনুযায়ী বিভাগীয় কমিশনার, ঢাকা কর্তৃক সরেজমিন তদন্ত করানো হয় এবং উপজেলা পরিষদের বিশেষ সভা আহ্বান করে গোপন ব্যালটের মাধ্যমে অনাস্থা প্রস্তাবের পক্ষে ও বিপক্ষে ভোট গ্রহণ করা হয়। অনাস্থা প্রস্তাবের পক্ষে ১৩টি ভোট এবং বিপক্ষে ০টি ভোট পড়ে যা চার-পঞ্চমাংশের বেশী।

যেহেতু, বেগম মিনি আকতার উর্মি, ভাইস চেয়ারম্যান এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত এবং উত্থাপিত অনাস্থা প্রস্তাব চার-পঞ্চমাংশের বেশী ভোটে গৃহিত হয়েছে। তদুপেক্ষিতে তদন্ত প্রতিবেদনে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ক (১৩)নং ধারা অনুযায়ী তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে।

সেহেতু, এহেন কর্মকাণ্ডের পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান হিসেবে তাঁর দ্বারা উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনা করা সমীচীন নয় বিধায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ (ক) (১৩)নং ধারার বিধান বলে সরকার জনস্বার্থে তাঁকে তাঁর স্থায়ী পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ক ধারার (১৩) উপধারা অনুসারে ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান (মহিলা) বেগম মিনি আকতার উর্মি এর বিরুদ্ধে চার-পঞ্চমাংশের বেশী ভোটে অনাস্থা প্রস্তাব গৃহিত হওয়ায় সাভার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদ হতে অপসারণপূর্বক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান (মহিলা) পদটি শূণ্য ঘোষণা করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

(লুৎফুন নাহার) ২৭/০৬/২০১৭

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail:lgd.upazila2@gmail.com

নং ৪৬.০৪৫.০২৭.০৮.৪০.০৪০.২০১৫-৭৩৫

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ ১৪২৪
১২ জুন, ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্ধারিত সময়ে শূণ্য আসনে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)
৫. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৬. জেলা প্রশাসক, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
১১. ভাইস চেয়ারম্যান (পুরুষ), সাভার উপজেলা পরিষদ, ঢাকা।
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সাভার, ঢাকা।
১৩. বেগম মিনি আকতার উর্মি, ভাইস চেয়ারম্যান (অপসারণকৃত), সাভার উপজেলা পরিষদ, ঢাকা।
১৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।

(লুৎফুন নাহার) ২৭/০৬/২০১৭

সিনিয়র সহকারী সচিব